# জাতীয় স্বার্থে দলমতের ঊর্ধ্বে ঐক্যবদ্ধ থাকতে হবে: তারেক রহমান



সংগৃহীত ছবি

দেশের বর্তমান বাস্তবতায় বিভাজন নয়, বরং গণতন্ত্রে বিশ্বাসী সব শক্তির ঐক্যই সবচেয়ে জরুরি বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান। তিনি বলেন, দলমত নির্বিশেষে সবাইকে একসঙ্গে থেকে দেশের জন্য কাজ করতে হবে।

রোববার (২১ ডিসেম্বর) বগুড়ায় জুলাই শহীদদের স্মরণে নির্মিত ডিজিটাল স্মৃতিস্তম্ভের উদ্বোধনী অনুষ্ঠানে ভার্চ্যুয়ালি যুক্ত হয়ে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

শহীদ ওসমান হাদির প্রসঙ্গ টেনে তারেক রহমান বলেন, তিনি ছিলেন গণতান্ত্রিক রাজনীতির একজন প্রতিনিধি ও নির্বাচনী প্রার্থী। শহীদদের প্রতি সম্মান জানাতে হলে দেশের শান্তি ও গণতান্ত্রিক অগ্রযাত্রা নিশ্চিত করাই হতে হবে মূল লক্ষ্য।

তিনি বলেন, তরুণ প্রজন্মের জন্য ইন্টারনেট সহজ ও সাশ্রয়ী করা হবে। সরকার গঠন করতে পারলে শিক্ষা প্রতিষ্ঠানসহ বিভিন্ন জায়গায় বিনামূল্যে ইন্টারনেট সুবিধা সম্প্রসারণ করা হবে।

LENS ASIA

স্বাস্থ্য খাতে এক লাখ স্বাস্থ্যকর্মী নিয়োগের পরিকল্পনার কথা জানিয়ে তিনি বলেন, এতে কর্মসংস্থানের পাশাপাশি নারীদের অংশগ্রহণ বাড়বে। একই সঙ্গে অব্যবহৃত আইটি পার্ক সংস্কার করে তরুণদের জন্য কাজের পরিবেশ তৈরি করা হবে।

বিদেশে কর্মসংস্থান বাড়াতে ভাষা শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রম জোরদারের কথাও জানান তিনি। বক্তব্যের শেষে দলের ৩১ দফা ও নতুন স্লোগান “করবো কাজ, গড়বো দেশ, সবার আগে বাংলাদেশ” এর ওপর গুরুত্ব দেন।